বঙ্গবন্ধুর আদর্শ ও রাষ্ট্রভাবনা

প্রতিবছরের মতো এ বছরও ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে জাতীয় শোক দিবস পালিত হলো। কিন্তু আমার মনে হয়, শোক দিবসটি শুধু পুষ্পস্তবক অর্পণ, মিলাদ ও দুস্থদের মাঝে খাবার বিতরণের মধ্যেই সীমাবদ্ধ হয়ে পড়ছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও রাষ্ট্রভাবনা ছড়িয়ে দেয়ার তেমন কোনো উদ্যোগ দেখি না। শুধু তা-ই নয়, বঙ্গবন্ধু ও তার পরিবারের সদস্যদের যারা খুন করল তাদের কয়েকজন এখনো পলাতক, তাদের ফিরিয়ে আনতেও সরকারের তেমন কোনো উদ্যোগ নেই। বছরে একবার এ ব্যাপারে আলোচনা হয়। তখন জানানো হয়, খুনিদের ফিরিয়ে আনার চেষ্টা চলছে।

জোবায়ের আহমেদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

আবারো ছবি জালিয়াতি

ছবি জালিয়াতি নতুন কিছু নয়। কিন্তু যখন নির্ভরযোগ্য প্রতিষ্ঠান, শক্তিশালী ফটো এজেন্সিই এ ধরনের জালিয়াতি করে, তখন কার কাছে অভিযোগ করব? বিশ্ব বাঘ দিবসে একটি বাঘের ছবি প্রকাশ করে বাংলাদেশের ফটো এজেন্সি ফোকাস বাংলা দাবি করেছিল, এটি রয়েল বেঙ্গল টাইগারের ছবি, যা সুন্দরবন থেকে তোলা হয়েছে। অথচ তা আদৌ সত্য নয়। তামাশা ছাড়া আর কী বলা যায় এ ঘটনাটিকে? ছবির ওই বাঘ রয়েল বেঙ্গল টাইগার তো নয়ই, এমনকি ছবিটিও ফোকাস বাংলার নয়! এটি ছিল বিখ্যাত জার্মান আলোকচিত্রী হারাল্ড ল্যাফলারের তোলা ইন্দোনেশিয়ার সুমাত্রা দ্বীপের বাঘ ও তার শাবকের ছবি।

নবারুণ ভৌমিক
গেণ্ডারিয়া, ঢাকা

বিজ্ঞাপনী অরাজকতা

বিলবোর্ডে লেখা দেখলাম '১২০ দিনে ৩ গুণ স্ট্যামিনা'। প্রথমে ভেবেছিলাম ক্ষমতাবর্ধক কোনো 'ভেষজ' ওষুধের বিজ্ঞাপন। পরে ভুল ভাঙল, এটি ছিল হেলথ ফুড ড্রিংকের বিজ্ঞাপন। বিজ্ঞাপনের ভাষায় লাগামহীনভাবে যে যা ইচ্ছে বকে যাচ্ছে। কোনো তদারকি নেই, বিধি-নিষেধের বালাই নেই। এই বিজ্ঞাপনী অরাজকতা ঠেকাতে ভোক্তা-বান্ধব বিজ্ঞাপন নীতিমালার বাস্তবায়ন জরুরি। বিএসটিআইয়ের কাজটা কী, আমি বুঝি না। তারাই-বা কোনো অভিযানে নামে না কেন?

সম্রাট মহসীন
উত্তরা, ঢাকা

ক্লোজ আমাদের অনুপ্রেরণা

আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নিলেন জার্মান স্ট্রাইকার মিরোস্লাভ ক্লোজ। ৩৬ বছর বয়সী এই ফুটবল তারকা কখনই হতাশ করেননি সমর্থকদের। বিশ্বকাপের সর্বকালের সর্বোচ্চ গোলদাতা হিসেবে স্বীকৃতি নিয়ে বিদায় নিলেন আমাদের সময়ের এই মহান খেলোয়াড়। পেয়েছেন গোল্ডেন বুট, বর্ষসেরা ফুটবলার হওয়ার খেতাব। তার অর্জনের ঝুলি পরিপূর্ণ। তার সবচেয়ে বড় অর্জন বিশ্বের অগণিত ফুটবলপ্রেমীর অকুণ্ঠ ভালবাসা। তার প্রতিপক্ষও তার প্রশংসা না করে পারেননি। একজন জার্মান সমর্থক হিসেবে ক্লোজকে মিস করব ঠিকই, কিন্তু একই সঙ্গে তার দৃষ্টান্ত আমাদের অনুপ্রাণিত করবে।

সুমন হায়দার
মিরপুর, ঢাকা

স্ন্যাপশট

কাঁঠাল ও কাঠবিড়ালী

ছবি : আবরার আহমেদ খান, *নিউ বেইলি রোড, ঢাকা*

চলে গেলেন চন্দন

হঠাৎ করেই দুঃসংবাদটি এলো। বিশিষ্ট তরুণ ছড়াকার ও সাংবাদিক ওবায়দুল গণি চন্দন মারা গেছেন। প্রথমে বিশ্বাসই করতে পারলাম না। তার লেখালেখির সঙ্গে অনেক আগে থেকেই পরিচিত ছিলাম। ঢাকায় তার সঙ্গে বেশ কয়েকবার দেখাও হয়েছে। সজ্জন ব্যক্তি বলেই তাকে জানতাম। তার অকালমৃত্যুতে আমি শোকাহত। অনেক কিছু দেয়ার ছিল তার। তার সৃষ্টিকর্ম তাকে দীর্ঘদিন বাঁচিয়ে রাখবে বলে আশা করি। তার পরিবারের প্রতি সমবেদনা জানানোর ভাষা আমার নেই। সবার মঙ্গল হোক।

আশফাক সালমি
শিবপুর, নরসিংদী

শ্রমিকের লাভ তো দেখি না

এখনো শ্রমিকদের রাজনৈতিক ও সহিংসতার হাতিয়ার হিসেবে ব্যবহার করা হচ্ছে। কখনো মালিকপক্ষ ব্যবহার করছে, কখনো শ্রমিক নেতারা ব্যবহার করছে। কিন্তু যারা ব্যবহৃত হচ্ছেন, তাদের লাভ কতটা হচ্ছে? তাদের জীবনযাত্রার মান নিম্নগামী। শেষমেশ বেতন আটকে যাচ্ছে শ্রমিকদের, কারখানা বন্ধ হচ্ছে শ্রমিকদের, চুলায় আগুন জ্বলে না শ্রমিকদের। কিন্তু শ্রমিকদের ঘাড়ে ভর করে কতিপয় শ্রমিক নেতা ও মালিক পক্ষ আঙুল ফুলে কলাগাছ হচ্ছে। শ্রমিকদের সচেতন ও শিক্ষিত করা না গেলে এমন হতেই থাকবে।

শামসুল আলম খন্দকার
কাপাসিয়া, গাজীপুর

যদি বন্যা হয়...

কয়েকদিনের বৃষ্টিতে ঢাকাসহ আশপাশের এলাকা বারবার প্লাবিত হচ্ছে। প্রতিবছর তাই হয়। পরিস্থিতি দিন দিন নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে, মানুষের ভোগান্তিও বেড়ে গেছে। কিন্তু জলাবদ্ধতা নিরসনে এবং মানুষের ভোগান্তি কমাতে প্রশাসনের কোনো উদ্যোগ নেই। বৃষ্টিতেই এই অবস্থা, বন্যা হলে ভোগান্তি কোথায় গিয়ে ঠেকবে তা কল্পনাও করা যায় না। আমরা সবাই জানি, নতুন করে বন্যা হলে তা আগের সব অভিজ্ঞতাকে ছাপিয়ে যাবে। পরিণতি হবে ভয়াবহ ও ঐতিহাসিক। অথচ আমাদের কোনো প্রস্তুতি নেই।

শমসের তালুকদার
রমনা, ঢাকা

নারী পাচার বেড়েছে

সংবাদপত্রে খবর বেরিয়েছে, ভারতে বাংলাদেশি যৌনকর্মীদের সংখ্যা দিন দিন বাড়ছে। এটি একটি উদ্বেগজনক খবর। বাংলাদেশ থেকে ভারতে নারী পাচার যে হচ্ছে তা আমরা সবাই জানি। কিন্তু তা আর সহনীয় পর্যায়ে নেই। এ থেকে বোঝা যায় মানব পাচার রোধে আমরা ব্যর্থ হয়ে পড়েছি। ভারতের সংবাদমাধ্যমে বেশ কয়েকবার খবর বেরিয়েছে, বেশিরভাগ ক্ষেত্রে মানব পাচারকারীরা জোর করে কিংবা মিথ্যার আশ্রয় নিয়ে বাংলাদেশ থেকে ভারতে নারী পাচার করে। মানব পাচার যে বেড়েছে তার দায়ভার বিজিবির ওপর বর্তায়।

সায়মন শাহরিয়ার
সোনারগাঁও, নারায়ণগঞ্জ

ফাঁক-ফোকর যেন গহ্বর না হয়

আমরা ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলেও ভয় পাই। একটি সম্প্রচার নীতিমালা হলো। অনেক ভালো ভালো কথা রয়েছে তাতে। নীতিমালার বিকল্প নেই। কিন্তু নীতিমালার ফাঁক-ফোকর নিয়ে ইতোমধ্যে সমালোচনা তুঙ্গে। সরকার বলছে ওই ফাঁক-ফোকর আমলে নেয়ার প্রয়োজন নেই। আরো বলা হচ্ছে, স্বাধীন কমিশন এই নীতিমালা প্রয়োগ করবে। কিন্তু আমাদের অতীত অভিজ্ঞতা ভালো নয়। কমিশনও যে কতটা স্বাধীন হয় তা আমাদের জানা আছে। আর ফাঁক-ফোকরই যে মহা-গহ্বরের সূত্র হয়, তাও অজানা নয়।

শামীমা আক্তার
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

চোরে চোরে মাসতুতো ভাই

সাপ্তাহিক ২০০০-এর এবারের 'কাঁটা তোলার কাঁটা' প্রচ্ছদ কাহিনী পড়ে অনেক অজানা খবর জানতে পারলাম। প্রতিবেদককে অভিবাদন জানাই। পুলিশের সঙ্গে তাদের সোর্সের অন্তরঙ্গ ও বিরোধপূর্ণ সম্পর্কের বিষয়ে জানতে পারলাম। তাদের মধ্যকার ভাগবাটোয়ারার নানা তথ্যও পেলাম। প্রচ্ছদ কাহিনীটি পড়ে বলতে বাধ্য হচ্ছি, 'চোরে চোরে মাসতুতো ভাই'। পুলিশের সঙ্গে অপরাধীদের ভালো সম্পর্ক থাকতে পারে না। পুলিশ হবে অপরাধীদের যম। আশা করি একদিন তা-ই হবে।

সেলিম আনোয়ার
সাভার, ঢাকা

ধীমান শামসুর রাহমান

১৭ আগস্ট ছিল বাংলা সাহিত্যের অন্যতম শক্তিমান কবি শামসুর রাহমানের মৃত্যুবার্ষিকী। তার অসামান্য কাব্যপ্রতিভা শুধু বাংলা সাহিত্যকেই সমৃদ্ধ করেনি, বাংলাদেশের সমৃদ্ধিতেও বিশেষ অবদান রেখেছে। বাংলাদেশের জন্মলগ্ন থেকে তার কবিতা অপরিসীম অবদান রেখে চলেছে। বাংলাদেশের বিভিন্ন সঙ্কটে তার কবিতা মানুষকে উজ্জীবিত করেছে। একটি অসাম্প্রদায়িক ও বৈষম্যহীন সমাজের কথা বলেছে। এজন্য তাকে আক্রমণের শিকারও হতে হয়েছে। তারপরও তার কলম থেমে যায়নি। আমি বিনম্র শ্রদ্ধায় এই মহান কবিকে স্মরণ করছি।

শাহজাহান হীরা
মতলব, চাঁদপুর

ঋণের বোঝা বাড়ছে

পত্রিকায় খবর বেরিয়েছে, নদীতীর রক্ষায় ১১ কোটি ডলার ঋণ দেবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। রাষ্ট্রীয় ঋণের কথা শুনলেই আমি আতঙ্কগ্রস্ত হই। ইতিহাস বলে, জনগণের ঘাড়ে ঋণের বোঝা বাড়তে থাকলেও তার তুলনায় দেশের উন্নয়ন নগণ্য। আমরা জানি ঢাকার আশপাশের নদীগুলো রক্ষায়ও আমরা ঋণ নিয়েছি। কিন্তু নদীগুলোর বিন্দুমাত্র উন্নতি হয়নি। নদীতীর রক্ষায় এবার ঋণ নেয়া হবে। এটি অনুদান নয়, কাজের কাজ কিছু না হলেও বছরের পর বছর জনগণকে এই ঋণের বোঝা বইতে হবে। আমার আশঙ্কা এখানেই।

ইয়াসিন রহমান
শ্যামপুর, ঢাকা

দেশের পতাকার ধারক

সাকিব আল হাসানকে নিয়ে এখন অনেক কথা হচ্ছে। সাকিবের পা নাকি এখন আর মাটিতে পড়ে না! বিসিবি লাগাম টেনে ধরেছে। বিসিবি ১৬ কোটি মানুষের প্রতিষ্ঠান। দেশের মেহনতি মানুষের শ্রমে-ঘামে চালিত বিসিবিকে অবশ্যই আগে দেশের স্বার্থকে অগ্রাধিকার দিতে হয়। দেশের প্রত্যন্ত অঞ্চলে কত প্রতিভা নষ্ট হচ্ছে! বিসিবি কয়জনকে সুযোগ তৈরি করে দিতে পারে? যারা সুযোগ পায়, তাদের মধ্যেইবা কতজন সাকিবের পর্যায়ে আসতে পেরেছে? সাকিব ভাগ্যবান বটে। তিনি সুযোগকে কাজে লাগাতে পেরেছিলেন। আজ সাকিব বাংলাদেশের সম্পদ। এখানে কোনো বিতর্ক নেই। তাকে বসিয়ে রাখা তাই যুক্তিসঙ্গত নয়।

মাহবুব মিয়াজী
লক্ষ্মীপুর, চট্টগ্রাম

ম্যাগাজিন দিবস থাকা উচিত

আজকের আকাশছোঁয়া সাংবাদিকতার পেছনে ম্যাগাজিনের ভূমিকা অবিস্মরণীয়। ইতিহাস বলে, ১৬৬৩ সালে প্রথম ম্যাগাজিন আকৃতিতে সংবাদপত্র প্রকাশিত হয়। পরবর্তীতে দ্য ইকোনমিস্ট, দ্য আটলান্টিক, দ্য বুকম্যান, রিডার'স ডাইজেস্ট, নিউইয়র্কার, ন্যাশনাল জিওগ্রাফিক, টাইম, নিউজউইক, লাইফ, লুক ইত্যাদি ম্যাগাজিন-ধারাকে উৎকর্ষের শিখরে নিয়ে যায়। এদিকে বাংলাদেশে বিচিত্রা এবং পরবর্তীতে সাপ্তাহিক ২০০০ ম্যাগাজিন-ধারায় আদর্শ হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। তাই বলি, একটি আন্তর্জাতিক ম্যাগাজিন দিবস থাকা উচিত।

সফিউল আলম মজুমদার
মন্ট্রিয়ল, কানাডা

প্রয়োজনীয় ও প্রশংসনীয়

একাদশ-দ্বাদশ শ্রেণির পাঠ্যবইয়ে যোগ হলো বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা। এই উদ্যোগ অত্যন্ত প্রয়োজনীয় ও প্রশংসনীয়। সাহিত্য পাঠ (গদ্য ও পদ্য) পাঠ্যবইয়ে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী'র কিছু অংশ সংযোজন করা হয়েছে। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা এই গদ্য পাবে। এতে করে নতুন প্রজন্মের মধ্যে বঙ্গবন্ধুর দেশভাবনা ও দর্শন ছড়িয়ে পড়বে বলে আশা করা যায়। জাতির জনককে জানতেও এই উদ্যোগ সাহায্য করবে।

ফাল্গুনী কাওসার
রামপুরা, ঢাকা

শ্রীকৃষ্ণের বাণী অবহেলিত

হিন্দু সম্প্রদায়ের অন্যতম বড় উৎসব জন্মাষ্টমী। দিনটি ভগবান শ্রীকৃষ্ণের জন্মদিন হিসেবে পালিত হয়। কিন্তু শ্রীকৃষ্ণের অমৃত বাণী অবহেলিত। তার শান্তির বাণী, সাম্যের কথা, জ্ঞান অর্জন ও বিতরণের নির্দেশ, বৈষম্যহীন সমাজব্যবস্থা স্থাপনের তাগিদ– কোনো কথাকেই আমরা আর আমলে নিই না। কাপড়ে মোড়ানো ভগবদগীতায় ধুলা জমে। ত্রাণকর্তা শ্রীকৃষ্ণকে আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ করে ফেলা হচ্ছে। তার পুনর্জাগরণ বড় প্রয়োজন। পৃথিবীর সব প্রাণী শান্তিলাভ করুক।

নিবারণ চক্রবর্তী
বাসাবো, ঢাকা

বিচারপতিদের অভিশংসন

বর্তমান সরকার বিচারপতিদের অভিশংসনের ক্ষমতা সংসদের হাতে দিতে যাচ্ছে। এ ক্ষমতা সংসদের হাতে নিয়ে গেলে বিচার বিভাগের স্বাধীনতার পথে অন্তরায় সৃষ্টি হবে। বিচার বিভাগ স্বাধীন হওয়া সত্ত্বেও বিচারকগণের ওপর রাষ্ট্রীয় ও প্রশাসনিক হস্তক্ষেপ বিতর্কের জন্ম দিচ্ছে। বিচার বিভাগ মানুষের তথা জনগণের সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ স্মরণস্থল। বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন না হলে সরকারের অন্যান্য বিভাগ দুর্নীতিগ্রস্ত ও লাগামছাড়া হয়ে যাবে। আমাদের দেশে সংসদের কাছে বিচার বিভাগের জবাবদিহিতা মোটেও গ্রহণযোগ্য নয়।

করুণাময় চক্রবর্তী
চিড়াকান্দি, হবিগঞ্জ

পাঠক ফোরামে লেখা ও ছবি পাঠানোর ঠিকানা
পাঠক ফোরাম, সাপ্তাহিক ২০০০
ডেইলি স্টার সেন্টার, ৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১২১৫
ই-মেইল : info.shaptahik2000@gmail.com